

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, অক্টোবর ১৬, ২০২৬

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ/১৩ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০৩.২৩.২৪৯—বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 89A এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৮-১০-২০২৬ তারিখে: ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.২৩.৭১২ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত Order এর Article 89A এ উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1), Article 82 এবং Article 91B(3) এর আওতাধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ২নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার ৩নং কলামে বর্ণিত অধিক্ষেত্রের জন্য ৪নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৩ (তিন) জন বিজ্ঞ বিচারক-কে ভোটগ্রহণের পূর্বের ০২ (দুই) দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের ০২ (দুই) দিন অর্থাৎ ২৭-১০-২০২৬ হতে ৩১-১০-২০২৬ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো:

“তফসিল”

ক্রম	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	অধিক্ষেত্র	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
১.	০৩ ঠাকুরগাঁও-১	ঠাকুরগাঁও সদর উপজেলা	জনাব মোঃ শরিফুল ইসলাম (২০১৩২০৬০৬৭) অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও।
২.		রুহিয়া উপজেলা	জনাব রহিমা খাতুন (২০২০২১২০৮৮) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও।
৩.		ভুল্লা উপজেলা	জনাব মোঃ মাহবুব উল ইসলাম (২০২১২১৩০৪৪) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও।

(২৬১৮৫)

মূল্য : টাকা ৪০০

২। এই নিয়োগপত্রে উল্লিখিত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ নিয়োগপ্রাপ্ত হওয়ার তারিখ অর্থাৎ ২৭-১০-২০২৬ তারিখ পূর্বাঙ্কে দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় যোগদান করতঃ যোগদানপত্র সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। বর্ণিত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করলে যথাসম্ভব দ্রুততার সাথে সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার (Summary Trial) নিষ্পত্তি করবেন এবং তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন-১ শাখা) বরাবর অতঃপর সংযুক্ত ছকে নির্দেশিত পদ্ধতিতে প্রেরণ করবেন।

৪। দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত বিধি মোতাবেক অবমুক্ত করার জন্য জেলা ও দায়রা জজ/বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁওকে অনুরোধ করা হলো।

৫। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহায়ক স্টাফ হিসেবে সঙ্গে নিতে পারবেন। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণের সুষ্ঠুভাবে দায়িত্বপালনের স্বার্থে স্টাফ সহায়তা প্রদানের জন্য জেলা ও দায়রা জজ/বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁওকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে তাদের চাহিদা ও প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ি বা মাইক্রোবাস বা স্পীডবোট এবং ক্ষেত্রমতো প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণের সুষ্ঠুভাবে দায়িত্বপালনের স্বার্থে তাদের চাহিত মতে প্রয়োজনীয় স্ট্রাইকিং ফোর্স মোতায়েনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৮৯ক (২) অনুচ্ছেদ মোতাবেক পুলিশ সুপার, ঠাকুরগাঁও/স্থানীয় থানার অফিসার ইনচার্জ/অন্য কোনো আইন প্রয়োগকারী সংস্থার কমান্ডার (যদি থাকে)/ইনচার্জ-কে অনুরোধ করা হলো।

৮। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোহাম্মদ দিদার হোসাইন

উপসচিব (আইন-১ শাখা)।

জাতীয় সংসদের ৩ ঠাকুরগাঁও-১ আসনের উপ-নির্বাচন উপলক্ষে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত ‘সংক্ষিপ্ত বিচার (summary trial)’ এর ‘নিষ্পত্তির বিবরণী (disposal statement)’ প্রেরণের ছক:

ক্রমিক নম্বর	তথ্য প্রদানের বিষয়	বিবরণ
১	২	৩
১.	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	:
২.	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	:
৩.	অভিযোগকারীর নাম ও ঠিকানা অথবা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট স্ব-উদ্যোগে অভিযোগ আমলে গ্রহণ করলে তার বিবরণ	:
৪.	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে, তার নাম ও ঠিকানা	:
৫.	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	:
৬.	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ	:

১। ‘নিষ্পত্তির বিবরণী (disposal statement)’-এর ১ (এক) কপি পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে নির্বাচন কমিশনের সদয় অবগতির জন্য ও প্রেরিত প্রতিবেদন সমূহ সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট জেলা/উপজেলা নির্বাচন কর্মকর্তার মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের আইন অনুবিভাগের উপসচিব (আইন বিষয়ক-১ শাখা) (sas_lal) এর ইন্টারনাল একাউন্টে অথবা আইন শাখা-১ এর অফিসিয়াল ই-মেইল: sas_lal@ecs.gov.bd-এ প্রেরণ করতে হবে।

(প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করুন)

দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর:

পূর্ণনাম:

পদবি:

কর্মস্থল:

মোবাইল নং-